



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd



স্মারক নং-৭জি/১৭৯(ক-৩)/২০০৭ (অংশ-১)/ ১৪২৫/৭

তারিখ: ১/১২/২০২০ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ভোলা জেলার সদর উপজেলাধীন ইলিশা ইসলামিয়া মডেল কলেজের অধ্যক্ষ নিয়োগের বিষয়ে রীট পিটিশন নং- ৪৮৯৮/২০২০ এবং শিক্ষা মন্ত্রণালয়ের সিদ্ধান্তের বিষয় অবহিত করণ প্রসঙ্গে।

সূত্র: ১. রীট পিটিশন নং-৪৮৯৮/২০২০.

২. মাউশির স্মারক নং- নং-৭জি/১৭৯ (ক-৩)/২০০৭ (অংশ-১)/১১৪৩, তারিখ: ০২/১১/২০২০

৩. শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭০.১২.০০১.২০.১৫২, তারিখ: ০৪.১১.২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভোলা জেলার সদর উপজেলাধীন ইলিশা ইসলামিয়া মডেল কলেজের অধ্যক্ষ নিয়োগের বিষয়ে নির্দেশনা চাওয়া হলে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের সূত্রোক্ত ৩ নং স্মারক পত্র মোতাবেক অধ্যক্ষ নিয়োগের বিষয়ে সিদ্ধান্ত প্রদান করেছেন। অধ্যক্ষ নিয়োগের বিষয়ে সিদ্ধান্ত নিম্নরূপ:

“ভোলা জেলার সদর উপজেলাধীন ইলিশা ইসলামিয়া মডেল কলেজের অধ্যক্ষ নিয়োগের ক্ষেত্রে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ২৫ ফেব্রুয়ারী ২০১৯ তারিখের ৩৭.০০.০০০০.০৭৪.০৩০.০০১.২০১৭.৫৯ সংখ্যক পরিপত্রের খ (২) এর অধ্যক্ষ (উচ্চ মাধ্যমিক কলেজ) অনুযায়ী নিয়োগপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্বপালনে বিধি বিধানগত কোন বাধা নেই। তবে উচ্চ মাধ্যমিক পর্যায়ে এমপিওভুক্ত কিন্তু ডিগ্রি পর্যায়ে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক অধিভুক্ত কলেজটিতে স্নাতক (পাস) পর্যায়ে অভিজ্ঞতার শর্ত পূরণ না হওয়া পর্যন্ত বিধি মোতাবেক তিনি তার জন্য নির্ধারিত বেতন স্কেলে বেতন প্রাপ্য হবেন”।

ইতোমধ্যে বরখাস্তকৃত অধ্যক্ষ জনাব মোহাম্মদ নিজাম উদ্দিন-এর বরখাস্তের বিষয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং- ৪৮৯৮/২০২০-এর নির্দেশ মোতাবেক বর্ণিত প্রতিষ্ঠানের গভর্নিং বডির সভাপতি ও আঞ্চলিক পরিচালক, বরিশালসহ সংশ্লিষ্ট সকলকে অধ্যক্ষ নিয়োগ প্রক্রিয়ার সকল কার্যক্রম ০৬ (ছয়) মাসের জন্য স্থগিত করার জন্য অত্র অধিদপ্তরের ২ নং স্মারক নং পত্র মোতাবেক নির্দেশনা জারি করা হয়।

এমতাবস্থায়, ভোলা জেলার সদর উপজেলাধীন ইলিশা ইসলামিয়া মডেল কলেজের অধ্যক্ষ নিয়োগের বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের সূত্রোক্ত পত্রের স্মারক-এর সিদ্ধান্ত এবং একই সাথে বরখাস্তকৃত অধ্যক্ষ জনাব মোহাম্মদ নিজাম উদ্দিন-এর বরখাস্তের বিষয়ে মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-৪৮৯৮/২০২০ এর আলোকে প্রয়োজনীয় কার্যার্থে বিষয়টি অবহিত করা হলো।

১১/১২/২০২০
(মো. আবদুল কাদের)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং- ৯৫৫৬০৫৭

Email-ncollege@ dshe.gov.bd

- ১। সভাপতি, পরিচালনা পরিষদ
ইলিশা ইসলামিয়া মডেল কলেজ
ভোলা সদর, ভোলা।
- ২। পরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
বরিশাল অঞ্চল, বরিশাল

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। উপাচার্য, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
- ২। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। শিক্ষা অফিসার (আইন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৪। জেলা শিক্ষা অফিসার, ভোলা।
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, ভোলা।
- ৬। অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), ইলিশা ইসলামিয়া মডেল কলেজ, ভোলা সদর, ভোলা।
- ৭। সংরক্ষণ নথি।